দৈনিক ইনকিলাব

তারিখ ...24 JUL 199... পৃষ্ঠা ৩ কলাম ৪

67

### ধর্মঘট ঘেরাও বিক্ষোভ ইত্যাদি কর্মসূচীতে ক্যাম্পাস উত্তপ্ত

# ছাত্র বেতনসহ বিবিধ ফি বৃদ্ধির কারণে চট্টগ্রাম ভার্সিটিতে তীব্র উত্তেজনা

**আবদুল মালেক** ঃ ছাত্র বেতনসহ বিবিধ ফি-সমূহ বৃদ্ধির জের হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে তীব্র উত্তেজনা ও অসন্তোষ বিরাজ করছে। ধর্মঘট, বিক্ষোভ, ঘেরাও ইত্যাদি কর্মসূচীতে ক্যাম্পাস উত্তপ্ত। বর্ধিত ফি প্রত্যাহারের অভিন্ন দাবীতে ছাত্র সংগঠনগুলো একযোগে আন্দোলনে নেমেছে এবং কঠোর থেকে কঠোরতর কর্মসূচীর দিকে এগিয়ে যাচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে আগামী ৩১ জুলাই সিন্ডিকেট সভা আহবান করা হয়েছে। গত বছর বেতন ও ফি বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়। কিন্তু ছাত্র সংগঠনগুলোর তীব্র প্রতিবাদের কারণে সে উদ্যোগ ব্যর্থ হয়। চলতি বছর ছাত্র সংগঠনগুলোর সাথে কোনো আলোচনা ব্যতিরেকে বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতির কারণ দেখিয়ে কর্তৃপক্ষ সকল প্রকার ফি-সমূহ বৃদ্ধি করেন। কোনো কোনো খাতে ১০০% পর্যন্ত ফি বাড়ানো হয়েছে। বর্ধিত হার অনুসারে মাসিক বেতন ১২ টাকার স্থলে ২৪ টাকা, বাস ভাড়া ৫০ টাকার স্থলে ১০০ টাকা, যে কোনো জরুরী ফিস ১০০ টাকার স্থলে ২০০ টাকা, মূল সার্টিফিকেট (বাংলা ও ইংরেজী) ২০০ টাকার স্থলে ৪৩০ টাকা, সাময়িক সনদ (ইংরেজী) ১০০ টাকার স্থলে ২০০ টাকা, ডুপ্লিকেট মার্কশীট ১০০ টাকার স্থলে ২০০ টাকা, প্রথম ডুপ্লিকেট সার্টিফিকেট ৪০০ টাকার স্থলে ৮৩০ টাকা, দ্বিতীয় ডুপ্লিকেট সার্টিফিকেট ৬০০ টাকার স্থলে ১২৩০ টাকা, ডুপ্লিকেট বাংলা সাময়িক সনদ ৩০০ টাকার স্থলে ৬৩০ টাকা, ডুপ্লিকেট সাময়িক সনদ (ইংরেজী) ৩০০ টাকার স্থলে ৬০০ টাকা, পরীক্ষার ফি বিএ/বিকম/ বিএসসি (পাস) ৩৫০ টাকার স্থলে ৫২৫ টাকা, বিএ/বিকম (অনার্স) ৩৪০ টাকার স্থলে ৫১০ টাকা। বিএসসি (অনার্স) ৩৭৫ টাকার স্থলে ৫৬৩ টাকা। প্রথম ও দ্বিতীয় বর্ষ বিএ/বিএসসি/বিকম/বিএসএস/বিবিএ/এলএলবি (অনার্স) ২২৫ টাকার স্থলে ৩৩৮ টাকা, প্রথম ও দ্বিতীয় বর্ষ বিএসসি (অনার্স) ২৫০ টাকার স্থলে ৩৭৫ টাকা, ৩য় বর্ষ বিএসসি (অনার্স) ৩৭৫ টাকার স্থলে ৫৬৩ টাকা, ৩য় বর্ষ বিএ/বিএসএস/বিকম/ বিবিএ/এলএলবি (অনার্স) ৩৪০ টাকার স্থলে ৫১০ টাকা, এমএ/এমকম/এমএসএস (প্রিলিমিনারী) ২৭০ টাকার স্থলে ৪০৫ টাকা, এমএসসি (প্রিলিমিনারী) ৩৩০ টাকার স্থলে ৪৯৫ টাকা, এমএ/এমকম/এমএসএস/এমএলএল/এমবিত্র (ফাইনাল) ৪৯০ টাকার স্থলে ৬৯৫ টাকা, এমএসসি (ফাইনাল) ৪২০ টাকার স্থলে ৬৩০ টাকা, ফরেস্টি অনার্স (প্রতিপার্ট) ২৫০ টাকার স্থলে ৩৭৫ টাকা, ফরেস্টি অনার্স (সাপ্লিঃ) ১৭০ টাকার স্থলে ২২৫ টাকা, বিএসসি ইন ফরেস্টি প্রতিপার্ট ২২০ টাকার স্থলে ৩৩০ টাকা ধার্য করা হয়েছে। জানা গেছে যে, সরকারী তরফ থেকে বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় বাজেট পাওয়া যাচ্ছে না। ফলে প্রতি বছর বাজেট ঘাটতি পড়ছে। বিগত ২ বছরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৬ কোটি টাকা। এই অবস্থায় বাজেট ঘাটতি কিছুটা হলেও পূরণ করার লক্ষ্যে বিবিধ খাতে বেতন ও ফি বৃদ্ধি করা হয়েছে। কিন্তু ছাত্র সংগঠনসমূহের বক্তব্য হচ্ছে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান। টিউশনির মাধ্যমে অধিকাংশের পড়ার খরচ জোগায়। এই অবস্থায় বর্ধিত বেতন ও ফি বহন করা তাদের পক্ষে সম্ভব নয়। বর্ধিত বেতন ও ফি প্রত্যাহারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল আগামী ২৯ জুলাই বুধবার বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহবান করেছে। ধর্মঘটের সমর্থনে গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বর্ধিত ফি প্রত্যাহারের দাবীতে গতকাল ছাত্রলীগের মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে নেতৃবৃন্দ আগামী ৩০ জুলাই কর্মী সমাবেশ ও ৩১ জুলাই স্মারকলিপি প্রদানের কর্মসূচী ঘোষণা করে। বর্ধিত ফি প্রত্যাহারের দাবীতে গত ২৫ জুলাই ছাত্রশিবির ধর্মঘট পালন করে। শিবির আজ (মঙ্গলবার) ভিসি ভবন ঘেরাও ও অবস্থান ধর্মঘট, ৩০ জুলাই প্রতীক গণঅনশন ও ৩১ জুলাই সিন্ডিকেটে স্মারকলিপি প্রদান করবে।